দৈনিক সংবাদ

02 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা . ৪ কলাম ..৬....

# উপ-বৃত্তির টাকার জন্য স্বামী হত্যা করেছে স্ত্রীকে

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো : দশম শ্রেণীতে অধ্যয়নরত নবপরিণীত স্ত্রী চেমন আরা বেগম (১৯) স্কুল থেকে উপ-বৃত্তির টাকা আনতে অস্বীকার করায় পাষণ্ড স্বামী তাকে গলাটিপে হত্যা করেছে। ফটিকছড়ি উপজেলার হলদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। রোববার বিকেলে পুলিশ চেমন আরার লাশ উদ্ধার করলেও স্বামী পলাতক রয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

ফটিকছড়ির হলদিয়া গ্রামের আবুল হাশেম ৬ মাস আগে বিয়ে করে একই গ্রামের বাচ্চু মিয়ার মেয়ে চেমন আরাকে। হলদিয়া হাইস্কুলের দশম শ্রেণীর ছাত্রী চেমন আরাকে স্কুলে আসা উপ-বৃত্তির টাকা আনার জন্য স্বামী চাপাচাপি করে। চেমন আরা অন্তঃসত্ত্বা হয়ে পড়ায় লোকলজ্জার ভয়ে স্কুলে যেতে অস্বীকার করলে শনিবার দুপুরে ক্রুদ্ধ স্বামী গলাটিপে তাকে হত্যা করে। পরে লাশ ঘরের মধ্যে লুকিয়ে রেখে সে পালিয়ে যায়। ঘটনাটি জানাজানি হওয়ার পর তার পিতা বাচ্চু মিয়া রোববার থানা পুলিশের শরণাপন্ন হলে পুলিশ লাশ উদ্ধার করে। এ ব্যাপারে থানায় একটি হত্যা মামলা হয়েছে।